যুগান্তর

২৭/১০/২০০৫

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ... ৬-৭ ...

# পঞ্চগড়ের বোদায় শিক্ষক নিয়োগে মহিলা কোটা পূরণ না করার অভিযোগ

**পঞ্চগড় প্রতিনিধি**

জেলার বোদা উপজেলার বোদা পাইলট উচ্চ বিদ্যালয়ে শিক্ষক নিয়োগে মহিলা শিক্ষক কোটা পূরণ না করার অভিযোগ পাওয়া গেছে। বিশ্ববিদ্যালয় ম্যানেজিং কমিটি ৩০ ভাগ মহিলা কোটা সংরক্ষণ না করে সরকারি বিধি উপেক্ষা করে উদ্দেশ্যপ্রণোদিতভাবে নিজ স্বার্থ চরিতার্থ এবং ম্যানেজিং কমিটির নিজস্ব প্রার্থীকে অবৈধভাবে নিয়োগ করে আসছে। জেলা শিক্ষা অফিসারের কাছে এবং বিভিন্ন মন্ত্রণালয়ে প্রেরিত কম্পিউটার শিক্ষক পদের প্রার্থিনীদের এক লিখিত অভিযোগে জানা গেছে, সম্প্রতি কম্পিউটার শিক্ষক নিয়োগেও ম্যানেজিং কমিটি ও বিদ্যালয় কর্তৃপক্ষ ৩০ ভাগ মহিলা কোটা সংরক্ষণ না করে সরকারি বিধি উপেক্ষা করে ম্যানেজিং কমিটির জনৈক সদস্যের ছেলে নুরে আলম সিদ্দিকী রয়েলকে নিয়োগ করার চেষ্টায় লিপ্ত রয়েছে। প্রতিষ্ঠালগ্ন থেকে এ বিদ্যালয়ে শিক্ষক হিসাবে কোন মহিলা শিক্ষক না থাকলেও, বিগত বছরগুলোতে কর্তৃপক্ষ কোন মহিলা শিক্ষক নেয়নি। অথচ শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অনুযায়ী যেসব বিদ্যালয়ে অদ্যাবধি ৩০ ভাগ মহিলা শিক্ষক নেই, ওইসব বিদ্যালয়ে মহিলা শিক্ষক নিয়োগ করতে হবে। কিন্তু ম্যানেজিং কমিটি ও বিদ্যালয় কর্তৃপক্ষ সরকারি এই বিধিকে বৃদ্ধাঙ্গুলী দেখিয়ে ১৯৯৯ সাল থেকে মহিলা কোটায় শিক্ষক না নিয়ে অবৈধভাবে বিপুল অংকের ডোনেশন নিয়ে আত্মসাৎ করেছে। এ ব্যাপারে বোদা পাইলট উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ জামিলুর রহমানের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান; কমিটির সিদ্ধান্তেই নিয়োগ করা হয়েছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আমির হুসেন জানান, এ ব্যাপারে সম্পূর্ণ দায়দায়িত্ব নিয়োগ কমিটির। বিষয়টি নিয়ে পঞ্চগড় জেলা শিক্ষা অফিসারের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, অভিযোগ সত্য। অভিযোগ পাওয়ার পর তিনি সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষককে মন্ত্রণালয়ের পাঠানো বিধিমালা কার্যকর করার পরামর্শ দিয়েছেন।